

বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

এনফোর্সমেন্ট এন্ড ইন্সপেকশন ডিরেক্টরেট

ই-৫/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭

অবৈধ/অনুমোদনবিহীন ভিওআইপি ব্যবসা পরিচালনাকারীর বিরুদ্ধে বিটিআরসি'র এনফোর্সমেন্ট এন্ড ইন্সপেকশন ডিরেক্টরেট কর্তৃক গত ০৯-০৬-২০২৪ ও ১০-০৬-২০২৪ খ্রিঃ তারিখে পরিচালিত অভিযান সংক্রান্ত তথ্য।

বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি) এর এনফোর্সমেন্ট এন্ড ইন্সপেকশন ডিরেক্টরেট এর একটি পরিদর্শকদল র্যাভের সদস্যগণের সহায়তায় গত ০৯-০৬-২০২৪ ও ১০-০৬-২০২৪ খ্রিঃ তারিখে যথাক্রমে রাজধানীর খিলগাঁও ও নয়াপল্টন এলাকায় অবৈধ/অনুমোদনবিহীন ভিওআইপি ব্যবসা পরিচালনাকারীর বিরুদ্ধে অভিযান পরিচালনা করেছে। উক্ত অভিযানে পৃথক দুইটি স্থান থেকে মোট ৫০টি অবৈধ/অনুমোদনবিহীন সিমবক্স ও বিপুল পরিমাণ ভিওআইপি সরঞ্জামাদি জব্দসহ এর সঙ্গে জড়িত ০২ (দুই) জনকে আটক করা হয়েছে। আটককৃতদের বিরুদ্ধে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন, ২০০১ এর বিধান অনুযায়ী রাজধানীর খিলগাঁও ও পল্টন মডেল থানায় দুইটি পৃথক মামলা রুজু করা হয়েছে।

অবৈধ/অনুমোদনবিহীন ভিওআইপি ব্যবসা পরিচালনা, ভিওআইপি সরঞ্জামাদি বিক্রয় ও বিপণন বন্ধে বিটিআরসি হতে নিয়মিত অভিযান পরিচালিত হচ্ছে। অবৈধ ও অনুমোদনবিহীন ভিওআইপি ব্যবসা পরিচালনা, ভিওআইপি সরঞ্জামাদি ক্রয়-বিক্রয় হতে বিরত থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে বিটিআরসি'র পক্ষ থেকে বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে, অন্যথায় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

ক্রমিক নং	পরিদর্শনের স্থান	পরিদর্শনের তারিখ	জব্দকৃত মালামালের বিবরণ	ধৃত আসামীর সংখ্যা
১	খিলগাঁও, ঢাকা।	০৯/০৬/২০২৪	১। ৫১২ পোর্টের সিমবক্স - ০৩টি ২। ২৫৬ পোর্টের সিমবক্স - ০৩টি ৩। ১২৮ পোর্টের সিমবক্স - ০৫টি ৪। ১৬ পোর্টের সিমবক্স - ০৩টি ৫। বিভিন্ন মোবাইল অপারেটরের সিম - ৬৫০টি ৬। wireless router - ০৫টি ৭। mikrotik router- ০১টি ৮। মডেম ১৩টি ৯। সুইচ - ০৬টি ১০। মিডিয়া কনভার্টার - ৩টা ১১। মিনি পিসি - ৩টা ১২। জিএসএম এন্টেনা - ২৩ ১৩। ল্যাপটপ ০১টি, মনিটর ০১টি, সিপিইউ ০১টি	০১ (এক) জন
২	নয়াপল্টন, ঢাকা।	১০/০৬/২০২৪	১। ২৫৬ পোর্টের সিমবক্স - ৩৩টি ২। ১২৮ পোর্টের সিমবক্স - ০১টি ৩। ৮ পোর্টের সিমবক্স - ০২টি ৪। wireless router - ১৩টি ৫। মডেম - ৯টি ৬। বিভিন্ন মোবাইল অপারেটরের সিম - ১৬,৬৭৭টি	০১ (এক) জন

